

# ফিরে আসছে বৃত্তি পরীক্ষা



ফাইল ছবি

## বিশেষ প্রতিনিধি

প্রকাশ: ১৫ নভেম্বর ২০২৪ | ১১:০৯



পঞ্চম ও অষ্টম শ্রেণির বৃত্তি পরীক্ষা আবারও ফিরে আসছে। একসময় এ দুটি শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে দেশজুড়ে বৃত্তি পরীক্ষা হতো। এতে নির্বাচিত শিক্ষার্থীরা বৃত্তি পেতেন। প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা চালু করার পর আলাদা বৃত্তি পরীক্ষা তুলে দেওয়া হয়।

গত ৫ আগস্ট সরকার পতনের পর ‘জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১’ বাতিল হয়েছে। ২০১২ সালে প্রণীত সৃজনশীল পদ্ধতি বহাল করা হয়েছে। এ পরিস্থিতিতে আগের নিয়মে বৃত্তি পরীক্ষা হবে কিনা, তা নিয়ে প্রশ্ন উঠেছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের শীর্ষ নীতিনির্ধারকরা বলছেন, আগামী শিক্ষাবর্ষে পুরোনো পদ্ধতিতে বৃত্তি পরীক্ষা নেওয়ার বিষয়টি নিয়ে আলোচনা চলছে। প্রাথমিকের সমাপনীর (পঞ্চম শ্রেণি) আগে পৃথক বৃত্তি পরীক্ষা নেওয়া যায় কিনা, তা নিয়ে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব ফরিদ আহাম্মদ বৃহস্পতিবার সমকালক বলেন, এটা নতুন কিছু না। পুরোনো পদ্ধতিতে আবার ফেরা হচ্ছে। পঞ্চম শ্রেণির সব শিক্ষার্থীকে বৃত্তি পরীক্ষা দিতে বাধ্য করা হবে না। যারা বৃত্তি পরীক্ষায় অংশ নিতে আগ্রহী, কেবল তাদের পরীক্ষার সুযোগ দেওয়া হবে। এমনটিই ছিল একসময়।